মুজিবনগর ৪ ইউনিয়ন সম্মলিত মানচিত্রের পাশে সৌন্দর্য বর্ধন গাছ রোপন করলেন জেলা প্রশাসক

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের অনুপ্রেরণায় এবং মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের তত্ত্বাবধানে মুজিবনগর উপজেলা পরিষদের সামনে উপজেলার ৪ ইউনিয়ন সম্মলিত মনোমুগ্ধকর (চেতনায় মুজিবনগর চত্তরের) মানচিত্রের সামনে টবে দুইটি সৌন্দর্য বর্ধন গাছ রোপন করলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বৃহস্পতিবার দুপুরে প্রধানমন্ত্রীর দেয়া উপহার জমি ও গৃহ হস্তান্তর শেষে এ গাছ রোপন করেন তিনি।

এ সময় তিনি পোড়ামাটির টেরাকোঠা দিয়ে তৈরি জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্টিল দিয়ে লেখা আই লাভ মুজিবনগর এবং মুজিবনগর উপজেলার চারটি ইউনিয়নের মানচিত্রের প্রশংসা করেন।

তিনি মানচিত্রের সামনের দিকটায় ঘাস এবং চারিপাশে ফুল গাছ লাগিয়ে দিলে আরো সুন্দর দেখাবে বলে মন্তব্য করেন এবং এতে করে মানচিত্র দেখতে আসা পর্যটকদের মনটা আরো মনোমুগ্ধকর হয়ে উঠবে।

বৃক্ষ রোপনের সময় উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) অপু সরোয়ার, মুজিবনগর থানা ইনচার্য ওসি মেহেদি রাসেল, উপজেলা আওয়ামী লীগেরসভাপতি রফিকুল ইসলামতোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তকিম হক খোকন কমান্ডার, অনন্যা পার্কের চেয়ারম্যান হাসানুজ্জামান লাল্টুসহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারিবৃন্দ মুক্তিযোদ্ধা, আওয়ামী লীগসহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, সাংবাদিক ও সুধিবৃন্দরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবার পেল গৃহ ও জমি

মুজিববর্ষে দেশের একজনও ভূমিহীন ও গৃহহীন থাকবে না প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র ঘোষণাযায়ী বৃহস্পতিবার সকালে দেশব্যাপী ভূমিহীন ও গৃহহীন পরিবারের কাছে নব নির্মিত দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা ঘরের চাবি ও জমির দলিল হস্তান্তর করা হয়েছে।

প্রধানমন্ত্রী গণভবন থেকে ভার্চুয়ালি এ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভূমিহীন ও গৃহহীন পরিবারের উন্নত জীবন গঠনে এবং বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে সোনার বাংলা গড়তে দেশে কোন ঠিকানা বিহীন বা গৃহহীন মানুষ থাকবে না বলে যে ঘোষনা দিয়েছিলেন। এই কার্যক্রমের অংশ হিসেবে মুজিবনগর উপজেলা প্রশাসন তৃতীয় পর্যায়ে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের বসবাসের জন্য জমির দলিল ও নতূন ঘরের চাবি তুলে দিয়েছেন।

ঘরের দলিল হস্তান্তর উপলক্ষে,উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মনসুর আলী খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)অপু সরোয়ার,মুজিবনগর থানা ইনচার্য ওসি মেহেদি রাসেল,উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তকিম হক খোকন কমান্ডার সহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারি বৃন্দ মুক্তিযোদ্ধা,আওয়ামীলীগ সহ অংগসংগঠনের নেতৃবৃন্দ,সাংবাদিক ও সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গাছের সঙ্গে অটোর ধাক্কা, বাবা-ছেলে আহত

মেহেরপুরের ঐতিহাসিক স্থান মুজিবনগরে ঘুরতে যাওয়া সময় নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ব্যাটারি চালিত ইজিবাইককের ধাক্কায় ফারুক হোসেন (৫২) ও তার ছেলে সাঈদ হোসেন (১০) আহত হয়েছেন।

আজ বুধবার বেলা সাড়ে তিনটায় সময় মোনাখালী-মুজিবনগর সড়কে এ দুর্ঘটনা ঘটে। ফারুক হোসেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মৃত সাবের হোসেনের ছেলে।

জানা গেছে, ফারুক হোসেন ও তার ছেলে সাঈদ হোসেন মুজিবনগরে ঘুরতে যাওয়া সময় নিয়ন্ত্রণ হারিয়ে ব্যাটারি চালিত ইজিবাইক গাছের সঙ্গে ধাক্কা খায়। ফারুক হোসেন ও তার ছেলে সাঈদ হোসেন গুরুতর আহত হওয়াই স্থানীয়রা তাদের মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

আহত ফারুক হোসেন ও সাঈদ হোসেন এখন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

মুজিবনগরের শিবপুরে ভিজিএফের ৪০০ কেজি চাল জব্দ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুরে ৪০০ কেজি ভিজিএফের চাল জব্দ করেছে প্রশাসন।

বুধবার বিকাল ৪টার দিকে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার চালগুলো জব্দ করে ইউনিয়ন পরিষদের জিম্মায় রাখার নির্দেশ দেন।

চালগুলো ইউনিয়ন পরিষদ থেকে একটি ভ্যানযোগে প্যানেল চেয়ারম্যান ও ৫ নম্বর ওয়ার্ড মেম্বর মোমিনের উদ্দিনের বাড়িতে নেওয়া হচ্ছিল।

স্থানীয়রা জানান, দুপুরের দিকে একটি ভ্যানযোগে সাড়ে ৫ বস্তা চাল (প্রতি বস্তায় ৭৫ কেজি করে) ভ্যানযোগে যেতে দেখে সন্দেহ হয়। এসময় ভ্যানটিকে আটকিয়ে ভ্যান চালককে জিজ্ঞাসা করলে তিনি জানান, মোনাখালী ইউনিয়ন পরিষদ থেকে চাল নিয়ে ৫ নম্বর ওয়ার্ড মেম্বর মোমিনের বাড়িতে নিয়ে যাওয়া হচ্ছে। খবর পেয়ে চেয়ারম্যান মফিজুর রহমান ও সচিব রাশিদুল ইসলাম ঘটনাস্থলে পৌছান। এসময় স্থানীয়রা চেয়ারম্যান ও সচিবকে লাঞ্চিত করে অবরুদ্ধ করে রাখে।

খবর পেয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, পিআইও নাহিদা আকতার ঘটনাস্থলে যান। সেখানে চালগুলো জব্দ করে ইউনিয়নের পরিষদের জিম্মায় রাখার নির্দেশ দেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার। এবং স্থানীয়দের কাছে থেকে সচিবকে উদ্ধার করেন।

অভিযুক্ত মেম্বর মোমিন উদ্দিন বলেন, আমার ৫ নম্বর ওয়ার্ডের ৩০ জন সুবিধাভোগী চাল নেননি। সেই চাল তাদের দেওয়ার জন্য বাড়িতে নেওয়া হচ্ছিলো। এ বিষয়ে চেয়ারম্যান ও সচিব জানেন।

তবে চেয়ারম্যান মফিজুর রহমান জানান, এ চালের বিষয়ে তিনি কিছুই জানেন না।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার বলেন, প্রাথমিকভাবে চাল জব্দ করে ইউনিয়ন পরিষদে রাখা হয়েছে। এ বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হচ্ছে। তদন্ত শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে আবারো

প্রধানমন্ত্রীর উপহারের ঘর পাচ্ছেন ৬ পরিবার

মুজিবনগরে ৩য় ধাপে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে ৬ টি ভূমি ও গৃহহীন পরিবারকে নতুন গৃহ দিতে সংবাদ সম্মেলন করেছে উপজেলা প্রশাসন এবং আগামী ২১ জুলাই (বৃহস্পতিবার) আনুষ্ঠানিকভাবে দুই শতক জমির দলিলসহ এই ঘরের চাবি ওইসব পরিবারকে দেয়া হবে।

আজ মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনয়াতনে এ সংবাদ সম্মেলন থেকে বিষয়টি নিশ্চিত করেছে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

সংবাদ সম্মেলনে উপজেলা নির্বাহী অফিসার জানান,প্রধানমন্ত্রীর উপহার হিসেবে সব এলাকায় ভূমিহীন ও গৃহহীনদের ঘর দেয়া হবে। কোনো মানুষই আর গৃহহীন থাকবে না। এ প্রকল্পের আওতায় মুজিবনগর উপজেলার ৪ টি ইউনিয়নে ইতিমধ্যে ২৭ টি পরিবারের মাঝে জমি ও ঘর দেয়া হয়েছে। ৩য় ধাপের ২য় পর্যায়ে আরো ৬ টি নতুন পরিবারকে জমিসহ গৃহ উপহার দেয়া হবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রবসহ মুজিবনগরে কর্মরত সকল সংবাদ কর্মিরা।

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

মুজিবনগরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার সকালে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের

সভাপতিত্বে পরিষদ মিলনয়াতনে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারন সম্পাদক প্রফেসর আবুল কালাম আজাদ, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই উত্তম কুমার, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান ,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব সহ উপজেলার সকল অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ,রাজনৈতিক নেতৃবৃন্দ,মুক্তিযোদ্ধা, সাংবাদিক ও এনজিও প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে দৈনিক ভোরের কাগজের ভুয়া সাংবাদিক শনাক্ত

মেহেরপুরের মুজিবনগরে বাংলাদেশের প্রথম সারির বহুল প্রচলিত পত্রিকা দৈনিক ভোরের কাগজের নামে ভুয়া পরিচয় দিয়ে সাংবাদিকতা করছেন উপজেলার বল্লভপুর গ্রামের মৃত আবেদ আলি মোল্লার ছেলে আব্দুস সালাম মোল্লা নামের এক কথিত সাংবাদিক।

গত ১৫ জুলাই দৈনিক ভোরের কাগজের পরিচয় দিয়ে বাংলাদেশ সাংবাদিক সমিতি নামের এক কথিত সংগঠনের সহ সভাপতি হয়েছেন তিনি। এ বিষয়ে কথিত ঐ সাংবাদিকের কাছে পরিচয় পত্র দেখতে চাইলে সে কোন পরিচয় পত্র দেখাতে পারিনি এবং ভোরের কাগজের অফিসে যোগাযোগ করা হলে আব্দুস সালাম নামে মুজিবনগরে কোন প্রতিনিধি নেই বলেও জানায় পত্রিকা অফিস।

এ ঘটনায় মুজিবনগর থানায় মৌখিক ভাবে অভিযোগ জানিয়েছে ভোরের কাগজের জেলা প্রতিনিধি মুর্তজা ফারুক রুপক ।এ সময় মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) মেহেদি রাসেল তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন।

মোনাখালীতে মিডার কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

প্রতিকূলতা দূরে থাক মিডা এগিয়ে যাক এই শ্লোগানকে সামনে রেখে মুজিবনগর উপজেলার মোনাখালীতে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান ২০২২ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার সময় মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে মোনাখালী শিক্ষা উন্নয়ন সংঘ, মিডা এ কৃতি শিক্ষার্থী সংবর্ধনা আয়োজন করে।

স্থানীয় সংগঠন মিডার সভাপতি মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কৃতি শিক্ষার্থী সংবর্ধণা অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন মিডার উপদেষ্টা পরিষদের সদস্য ও মেহেরপুর সদর সহকারী শিক্ষা অফিসার আসাফুদ্দৌলা শামিম।

মিডার উপদেষ্টা ও রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, উপদেষ্টা ও পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিরিনা আক্তার, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাজী সাদেক আলী, মিয়া মনসুর একাডেমির সহকারী শিক্ষক বায়োজিদ হোসেন।

এছাড়া বক্তব্য রাখেন, মিডার সাধারণ পরিষদের সদস্য শাহীনুর রহমান মানিক, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, মুজিবনগর উপজেলা মুক্তিযুদ্ধ কমান্ডার আমজাদ হোসেন, সাবেক চেয়ারম্যান মাহাবুবুর রহমান ডাবলু, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক মেনেজিং কমিটির সভাপতি কামারুল ইসলাম।

সকল অতিথিবৃন্দুরা গ্রামের সকল ছাত্র – ছাত্রী ও কৃতি শিক্ষার্থীদের উদ্দেশে দিক নিদের্শনা ও লেখাপড়া মান উন্নয়ন নিয়ে কথা বলেন। সেই সাথে বিশ্ববিদ্যালয়,মেডিকেলে চাঞ্চপ্রাপ্ত ছাএ-ছাএীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানায় এবং তাদের হাতে মিডার পক্ষ থেকে ক্রেষ্ট তুলে দেওয়া হয়।

উক্ত অনুষ্টানে উপস্থিত ছিলেন সাধারণ পরিষদের সদস্য শহিদুল ইসলাম আন্টু, মিজানুর রহমান, মিডার সাবেক সভাপতি হাসানুজ্জামান সোহাগ, সাবেক লাইব্রেরি সম্পাদক রকিবুল ইসলাম, সহসভাপতি সালাউদ্দিন, রাজু আহম্মেদ, সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, সাংগঠনিক সম্পাদক সাব্বির আহম্মেদ মুন্না, অর্থ সম্পাদক আসিফ ইকবাল শুভ, লাইব্রেরি সম্পাদক মাহফুজ ইমন, মুস্তাকিন আলী, নাজমুল হোসাইন, কানিজ সুবর্না তন্নি, নাইমা শ্রাবনী, মুস্তাকিম, আল মামুন,সদস্য পিয়াস, রাকিব, সাব্বির, অন্তর, রাজিব ,জিহাদ প্রমুখ।

মেয়াদ উত্তীর্ণ ওষধ থাকায় মুজিবনগরে দুই ওষধ ব্যবসায়ীকে অর্থদন্ড

মুজিবনগরে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে দুই ওষধ ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (২১জুন)দুপুরের দিকে মুজিবনগর উপজেলার হাসপাতাল গেটের সিএম মেডিকেল হল ও হামীম ফার্মেসি এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

ওই ফার্মেসী দুটিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে হামীম ফার্মসীর মালিক হাফিজুর রহমানকে ৩ হাজার টাকা ও সিএম মেডিকেল হলের মালিক একেএম কামরুজ্জামানকে ৩ হাজার টাকা করে দুই ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেন। একই সাথে মেয়াদ উত্তীর্ণ বিভিন্ন ওষধ জব্দ করে বিনষ্ট করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ভোক্তাঅধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ধারা মতে ওই দুই ব্যবসায়ীকে ৬০০০ টাকা অর্থদন্ড করা হয়েছে।

এসময় মেহেরপুর স্যানেটারী পরিদর্শক তারিকুল ইসলাম ও মুজিবনগর থানা পুলিশের একটি দল সাথে ছিলেন।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় মামা- ভাগ্নে আহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ-নাজিরাকোনা সড়কে দুর্ঘটনায় সামিউল ইসলাম (১৮) ও তার ভাগ্নে সাহাজাহান (৪) আহত হয়েছে। এদের মধ্যে সামিউলের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ সোমবার সকাল সাড়ে ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মানিকনগর গ্রামের হেকমত ও মাজেদুল এক্সকাভেটর দিয়ে সরকারি জমির মাটি কাটছিলো। ওই মাটি ট্রাক্টর দিয়ে বিভিন্ন স্থানে নেওয়া হচেছ। ঘটনার সময় সামিউল তার ভাগ্নে সাহাজাহানকে নিয়ে বিশ্বনাথপুরের দিকে যাচ্ছিলো। এসময় ট্রাক্টরে সাথে ধাক্কা লেগে দুজনই মাটিতে ছিটকে পড়ে। আহত দুজনকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক সামিউলকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, এ ঘটনায় মাটি কাটার কাজ বন্ধ করা হয়েছে। ট্রাক্টরটি জব্দ করার চেষ্টা চলছে।